# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

**৭০তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ২০ আগষ্ট ২০১৩ ইং।**

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৪ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১ ঃ*** গত ১২ জুলাই ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৬৯তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করা হয়। কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য এয়ার কমোডর মোঃ মুরাদ হোসেন, এনডিসি, এসিএসসি, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। | সেক্রেটারী |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২ ঃ*** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের লেভেল-৩ এ ললিতকলা শিক্ষাঙ্গনের জন্য ২টি এবং কার্ড রুমের জন্য ২টি (মোট ৪টি ১.৫ টন ক্ষমতা সম্পন্ন) জেনারেল এসি ক্রয়ের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় ও সভায় সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | কনভেনশন সেন্টার সাব-কমিটি |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৩ ঃ*** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে কিচেন রুমের জন্য নতুন গ্যাস লাইন সংযোগ দেওয়ার জন্য বিস্তারিত আলোচনা করা হয়। ইতোমধ্যে ২টি ঠিকাদারের কোটেশন পাওয়া গেছে। আগামীতে আরো ২/৩টি ঠিকাদারের নিকট হতে কোটেশন সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। নিজেদের ব্যবস্থায় গ্যাস সংযোগ নেয়ার প্রচেষ্টাও অব্যাহত রাখতে হবে। | কনভেনশন সেন্টার সাব-কমিটি |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৪ ঃ*** বারিধারা ডিওএইচএস এলাকায় বিলবোর্ড স্থাপন ও বিজ্ঞাপনের জন্য সাইন মিডিয়ার আবেদন পত্র নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সময়ের স্বল্পতার কারণে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যায়নি। সম্মানিত সদস্যদের মতামত গ্রহণের পর কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। | সেক্রেটারী মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৫*** বারিধারা ডিওএইচএস এলাকার বিল্ডিং এর কমন সার্ভিস চার্জ এবং বিভিন্ন সাইজের ফ্ল্যাট সার্ভিস চার্জ নির্ধারন এর বিষয়ে আলোচনা করা হয়। ফ্ল্যাটের আকার নয়, সংখ্যার ভিত্তিতে সার্ভিস চার্জ নির্ধারণ হওয়া উচিত বলে সকল সদস্য একমত পোষন করেন। যেহেতু বিভিন্ন বাড়ীতে সার্ভিস চার্জ প্রদানের ভিন্ন ভিন্ন নিয়ম চালু আছে এবং সেটা FOA কর্তৃক নির্ধারণ হয়ে থাকে, এ ব্যাপারে পরিষদ কর্তৃক রুলিং প্রদান করা সঠিক হবে না বলে সকলে মতামত ব্যক্ত করেন। | ট্রেজারার |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৬*** বারিধারা ডিওএইচএস এলাকার বাড়ীসমূহ হতে ময়লা আবর্জনা সংগ্রহের জন্য ৩টি নতুন গার্বেজ ভ্যান তৈরী করা এবং ২টি পুরাতন ভ্যান মেরামতের ব্যাপারে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন ভ্যান তৈরীর ব্যাপারে ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) সকল ধরনের পরামর্শ প্রদান করবেন। এ সকল গাড়ীসমূহের উপর তেরপাল জাতীয় ঢাকনা ব্যবহার করতে হবে। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৭*** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে কার্ড রুমের জন্য প্রয়োজনীয় ফার্নিচার ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয় এবং এ সকল আসবাবপত্রের নির্মাণ ব্যয় টাকা ৩,৫০,০০০.০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। সভায় সর্ব-সম্মতিক্রমে ''নাভানা লিমিটেড'' হতে ফার্নিচার তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | কনভেনশন সেন্টার সাব-কমিটি |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৮ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকার কয়েকটি রোডে খাবার পানি সরবরাহের আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতোমধ্যে বারিধারা ডিওএইচএস এলাকায় ড্রিংকিং ওয়াটার সরবরাহ করার জন্য ৫টি কোম্পানীর অনুমতি রয়েছে। ডিওএইচএস পরিষদের শর্ত প্রতিপালন সাপেক্ষে উক্ত কোম্পানীকে পানি সরবরাহের অনুমতি প্রদান করা হয়। কোম্পানীটি প্রতিমাসে ডিওএইচএস পরিষদকে ২,০০০.০০ (দুই হাজার) টাকা করে প্রদান করবে। | সেক্রেটারী মেম্বার সি এন্ড এ |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৯ ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের বুকিং ও হল সুপারভাইজার সার্জেন্ট মোঃ আবুল কালাম আজাদ এর বেতন বৃদ্ধির ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। দরখাস্তের ভিত্তিতে যে কোন সময়ে বেতন বৃদ্ধি করা যাবে না মর্মে সকল সম্মানিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন। ডিওএইচএস পরিষদের অন্যান্য কর্মচারীর বেতন/ভাতা বৃদ্ধির সাথে তার বেতনও বৃদ্ধি করা হবে। বর্তমানে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়োগ অনুযায়ী তিনি বেতন/ভাতা প্রাপ্য হবেন। | সভাপতি সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১০ ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের সিনিয়র মুয়াজ্জিন হাফেজ মাওঃ নুর আহমেদ এর বেতন বৃদ্ধির ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। দরখাস্তের ভিত্তিতে যে কোন সময়ে বেতন বৃদ্ধি করা যাবে না মর্মে সকল সম্মানিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন। ডিওএইচএস পরিষদের অন্যান্য কর্মচারীর বেতন/ভাতা বৃদ্ধির সাথে তাঁর বেতনও বৃদ্ধি করা হবে। | সভাপতি সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ* একটি Fitness Centre নির্মাণ ডিওএইচএস এর বাসিন্দাদের অনেক দিনের দাবী। Fitness Centre টি দেখতে সুন্দর ও ব্যবহার উপযোগী করে নির্মাণ করার জন্য ইতিমধ্যেই অভিজ্ঞ সদস্যদের সম্পৃক্ত করে ১টি অফিসার্স পর্ষদ গঠন করা হয়েছে। Fitness Centre টির জন্য ইকুইপমেন্টস ছাড়া ১০ থেকে ১৫ লক্ষ টাকা ব্যয় ধরা হয়েছে। ইসি আশা করে সবধরণের আনুষ্ঠানিকতা শেষ করে অক্টোবর মাসের মাঝামাঝি নাগাদ নির্মাণ কাজ শুরু করা যাবে। পর্ষদ ইচ্ছা করলে আরও সদস্য অন্তর্ভূক্ত করতে পারবেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২* সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে নিম্নলিখিত বিষয়ে অবহিত করেন এবং অনুমোদিত হয় ঃ<br><br>ক। বারিধারা গেট নির্মাণের ব্যাপারে বার্জার বাংলাদেশ আগ্রহ প্রকাশ করেছে এবং খুব শীঘ্রই গেটের ডিজাইন উপস্থাপন করবেন। ডিজাইনটি ইসি কর্তৃক অনুমোদনের পরে নির্মাণ কাজ শুরু করা হবে এবং বার্জার বাংলাদেশ এর সাথে ১টি চুক্তি করা হবে।<br><br>খ। গার্বেজ ঠিকাদার বাসা বাড়ী হতে বর্জ্য সংগ্রহে ব্যর্থ হওয়ায় হকার ঠিকাদারকে একই শর্তে গার্বেজ ঠিকাদারী প্রদান করা হয়েছে। হকার ঠিকাদার চুক্তি মোতাবেক পরিষদকে মাসিক কিস্তি প্রদানে ব্যর্থ হওয়ায় নূতন দরপত্রের মাধ্যমে নূতন ঠিকাদার নিয়োগ করা হয়েছে। তারা ২,৭০,০০০.০০ টাকা নিরাপত্তা জামানত জমা রেখেছে।<br><br>গ। জোয়ার সাহারা গেটটির বর্তমান কাঠামো ঠিক রেখে আরও মজবুত ও সুন্দর করে নির্মাণ করা হবে। বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার এর প্রচারের জন্য গেটের উপরে শেওড়ার দিকে মুখ করে ১টি বিজ্ঞাপন লাগানোর ব্যবস্থা করা হবে।<br><br>ঘ। কনভেনশন সেন্টারের হল ২টিতে অনুষ্ঠান চলাচলে বিদ্যুৎ সরবরাহ নির্বিঘ্ন রাখার জন্য একজন Electrician কে উপস্থিত রাখার জন্য Electrician Mamun এর সাথে একটি চুক্তি করা হবে। বিব্রতকর পরিস্থিতি এড়ানোর জন্য প্রয়োজনে কমিউনিটি হল ২টির নিম্নমানের Cable পরিবর্তণ করে নূতন উন্নতমানের Cable দ্বারা প্রতিস্থাপন করা হবে। | সভাপতি ভাইস প্রেসিডেন্ট জয়েন্ট সেক্রেটারী মেম্বার সি এন্ড এ্যা |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩* Gp Capt M Rafiqul Huq, psc (Retd) proposed a vote of thanks to all concerned for presenting a quality Members Directory to Association Members and arrangement of light in the bypass roads. | সেক্রেটারী মেম্বার সি এন্ড এ্যা |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪* হাদিয়া সংগ্রহ ও বিতরণের ব্যাপারে ১টি নীতিমালা মসজিদ উপকমিটি কর্তৃক প্রনয়ণ করে তা নির্বাহী পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করবেন যা পরবর্তী রমজান হতে কার্যকরী হবে। | কনভেনার মসজিদ সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৫* বিভিন্ন সাব কমিটির কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রতিটি উপ-কমিটির কনভেনার ও সদস্যগণ অভিজ্ঞ ও জ্যেষ্ঠ কর্মকর্তা। কোন উপ-কমিটির কার্যক্রম পরিচালনায় হস্তক্ষেপ করার কোন অভিপ্রায় সভাপতির নেই বলে সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে অবহিত করেন। সকল সাব কমিটির কনভেনার ও সদস্য সচিবগণ নিজ নিজ সাব কমিটিদের কার্যক্রম আরও গতিশীল ও কার্যকরী করা ছাড়াও স্ব স্ব দায়িত্ব যথাশীঘ্র সম্ভব সম্পাদন করার কার্যকরী ভূমিকা নেবেন। আরবিট্রেশন কমিটির যে কোন সভার সিদ্ধান্ত সকলের উপস্থিতিতে সদস্য সচিব রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন এবং উপস্থিত সকলের স্বাক্ষর গ্রহণ করবেন। ডিওএইচএস এর বাসিন্দাদের নিকট থেকে অধিক সংখ্যক আবেদন গৃহীত হলে সপ্তাহে ২দিন সভা আয়োজনের ব্যবস্থা নেয়া যেতে পারে। আরবিট্রেশন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত প্রয়োজন হলে নিরাপত্তা ও প্রশাসন উপ-কমিটির দ্বারা বাস্তবায়িত হবে। ভূক্তভোগীরা তাদের সমস্যা অতিদ্রুত সমাধানের জন্য যেহেতু সভাপতির সরণাপন্ন হন, তাই আবেদনের উপর কার্যকরী ব্যবস্থা সম্পর্কে সভাপতিকে অবহিত রাখার প্রয়োজন অনুভূত হয়। চিঠিপত্র বিতরণের পূর্বে সভাপতির অনুস্বাক্ষর গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। | সভাপতি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৬* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। প্রায় সকল ব্যয় ইসি এর আর্থিক ক্ষমতার অধিক বিধায় এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। গত সভায় সকল পয়েন্ট খোলামেলাভাবে বিস্তারিত আলোচনা হওয়ায় এবং নির্বাহী পর্ষদের সকল সদস্যদের মধ্যে ডিওএইচএস বারিধারাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার যে আগ্রহ ও আন্তরিকতা পরিলক্ষিত হয় তা অত্যন্ত প্রশংসনীয় এবং ইহা সম্মিলিতভাবে চলমান রাখার চেষ্টা অব্যহত থাকবে বলে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ২৪ আগষ্ট ২০১৩

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ ২৪ আগষ্ট ২০১৩

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য